



উৎপাদনশীল ও সম্ভাবনাময় কর্মের সুযোগ গ্রহণে নারীর সামর্থ্য উন্নয়ন (স্বপ্ন II) প্রকল্প

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্বপ্ন প্রকল্পের নারী উপকারভোগী নির্বাচনের কাজ অত্র ইউনিয়নে শুরু হতে যাচ্ছে

স্বপ্ন প্রকল্পে ডিজিটাল পদ্ধতিতে ৩৬ জন দুস্থ নারীদের ইউনিয়ন পর্যায়ে উপকারভোগী হিসেবে নির্বাচন করা হবে। নির্বাচিত উপকারভোগীগণ ১২ মাসের জন্য স্বপ্ন প্রকল্পের আওতায় উক্ত ইউনিয়নের রাস্তা-ঘাট ও অন্যান্য সরকারি সম্পদ উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের কাজ করবেন। লটারির মাধ্যমে নারী উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়ে সম্পন্ন হবে।

নারী প্রার্থীদের যোগ্যতা

- প্রার্থীকে অবশ্যই শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে এবং রাস্তা-ঘাট রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য কাজ করতে আগ্রহী হতে হবে।
- ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা এবং ১৮-৪৫ বছর বয়সের মধ্যে হতে হবে।
- পরিবার প্রধান এবং তালাকপ্রাপ্ত/বিধবা/স্বামী পরিত্যক্তা/দুস্থ নারী (যার স্বামী উপার্জনে অক্ষম বা শারীরিক/মানসিক প্রতিবন্ধী) হতে হবে।
- প্রার্থীকে নিশ্চিতভাবে নিম্নতর আর্থিক অবস্থার অধিকারী, সম্পদ একেবারেই নেই অথবা খুবই নগণ্য কিংবা জীবন ধারণের জন্য ভিক্ষা করতে উপক্রম এমন হতে হবে।
- ক্ষুদ্র নৃগোষ্ঠী/আদিবাসী/দলিত/হিজড়া সম্প্রদায়ের সদস্যদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- বাংলাদেশ সরকারের অন্য কোন সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতাভুক্ত মহিলা স্বপ্ন প্রকল্পের উপকারভোগী হিসেবে নির্বাচিত হতে পারবেন না।
- ১৮-৩০ বছর বয়সী উপকারভোগীদের মধ্যে আগ্রহীদেরকে বিভিন্ন শিল্পকারখানায় কাজ করতে অগ্রাধিকার প্রদান করা হবে। সেক্ষেত্রে আগ্রহীদের শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে পঞ্চম শ্রেণী পাশ হতে হবে।
- ৩১-৪৫ বছর বয়সী উপকারভোগীদের বিভিন্ন ক্ষুদ্র ব্যবসা পরিচালনায় অগ্রাধিকার প্রদান করা হবে।

উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া

- বয়স প্রমাণের জন্য মূল জাতীয় পরিচয়পত্র (NID) অবশ্যই সঙ্গে আনতে হবে।
- উপস্থিত নারীদের মধ্য থেকে উপরোক্ত যোগ্যতা মেনে, প্রতি ওয়ার্ড থেকে কমপক্ষে ১০ জন প্রার্থী প্রাথমিকভাবে লটারির জন্য নির্বাচিত হবে।
- ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ইউপি সদস্য এবং এলাকাস্থানীয়দের উপস্থিতিতে লটারির মাধ্যমে প্রতি ওয়ার্ড থেকে ৪ জন করে মোট ৩৬ জন সম্ভাব্য উপকারভোগী প্রাথমিকভাবে নির্বাচিত হবে।
- পরবর্তীতে সম্ভাব্য উপকারভোগীদের বাড়ি পরিদর্শন করে প্রদত্ত তথ্য যাচাই বাছাই করে ৩৬ জন উপকারভোগীর চূড়ান্ত তালিকা ইউনিয়ন পরিষদ ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

বিশেষ নির্দেশনা - স্বপ্ন প্রকল্পের উপকারভোগী নির্বাচন এবং নিয়োগ প্রদানের যে কোন পর্যায়ে কোন ধরনের অনিয়ম পাওয়া গেলে অথবা ভুল তথ্য প্রদান করলে সংশ্লিষ্ট উপকারভোগীকে সকল পর্যায়ের তালিকা থেকে বাদ দেওয়া হবে।

বাস্তবায়নে - স্থানীয় সরকার বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সার্বিক তত্ত্বাবধানে - জেলা প্রশাসন

